

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd


৪৫.১৪৩. ০১৮.০০.০০.০০১.২০২০-৬২৬

তারিখ: ১৬.০৪.২০২০খ্রি.

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরে গত ১৫/০৪/২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সিং এর সিদ্ধান্ত বাস্তবায়ন।

স্বাস্থ্য অধিদপ্তরে গত ১৫/০৪/২০২০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাননীয় মুখ্যসচিব, মাননীয় মুখ্য সমন্বয়ক, মাননীয় সচিব এবং অন্যান্য দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্সিং-এ গৃহীত সিদ্ধান্তসমূহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ ফর্দ



(শারমিন আক্তার জাহান)
উপসচিব (পার-২)
ফোন-৯৫৪০৪৪৮

বিতরণঃ

০১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪. যুগ্মসচিব (প্রশাসন/পার/উন্নয়ন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫. পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৬. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭. পরিচালক (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা।
০৮. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিস কপি।

স্বাস্থ্য অধিদপ্তরে গত ১৫/০৪/২০২০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাননীয় মুখ্যসচিব, মাননীয় মুখ্য সমন্বয়ক, মাননীয় সচিব এবং অন্যান্য দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্সিং-এ গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

- ১। বিভিন্ন হাসপাতালে বিদ্যমান ICU-তে এ বিষয়ে অভিজ্ঞ লোকবল নিয়োগ দিতে হবে।
- ২। PPE ক্রয়ের ক্ষেত্রে গুণগত মান ও মূল্য যাচাই করতে হবে, পর্যাপ্ত PPE মজুদ নিশ্চিত করতে হবে।
- ৩। লাশ পরিবহনের ব্যাগ সংগ্রহ করে তা অবিলম্বে মাঠ পর্যায়ে ও সংশ্লিষ্ট হাসপাতালে প্রেরণ করতে হবে।
- ৪। যে সকল PPE'র কার্যাদেশ দেয়া হয়েছে সেগুলো যেন সময়মত সরবরাহ পাওয়া যায়, তা নিশ্চিত করতে হবে।
- ৫। একটি PPE'র মধ্যে যেন protective equipment সব থাকে তা নিশ্চিত করতে হবে।
- ৬। পরিস্থিতি বিশ্লেষণ/পর্যালোচনা করে লক-ডাউন এর সময়সীমা বর্ধিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পরবর্তীতে প্রাপ্ত নির্দেশনার আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- ৭। আনোয়ার খান মডার্ন হাসপাতাল (বেসরকারি) কে করোনা ডেডিকেটেড হাসপাতাল হিসেবে ব্যবহার করার বিষয়ে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।
- ৮। হলি ফ্যামিলি হাসপাতাল (বেসরকারি) কে করোনা ডেডিকেটেড হাসপাতাল হিসেবে ব্যবহার করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে হাসপাতালের চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৯। চিকিৎসক ও নার্সদের আবাসন ও খাবার ব্যবস্থা নিশ্চিতকরণে মনিটরিং জোরদার করতে হবে।
- ১০। রোগীর খাবারের মূল্য ৩০০.০০ (তিনশত) টাকা নির্ধারণ করার ব্যবস্থা নিতে হবে। করোনা সংক্রান্ত চিকিৎসা সেবায় নিয়োজিত স্বাস্থ্য কর্মীদের ভাল খাবার সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ১১। গাড়ীচালকগণ দায়িত্ব পালন না করলে ড্রাইভিং লাইসেন্স বাতিলসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১২। পর্যাপ্ত ventilator সংগ্রহ নিশ্চিত ক্রয় প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে।
- ১৩। করোনা নিয়ন্ত্রণ বিষয়ে পরামর্শ প্রদানের লক্ষ্যে দেশের খ্যাতনামা চিকিৎসকদের সমন্বয়ে একটি Advisory Committee গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ১৪। বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকগণ যেন করোনা রোগের চিকিৎসাকালীন সময়ে চাকুরি ত্যাগ না করে বা চিকিৎসা সেবা প্রদানে অস্বীকৃতি প্রদান না করে, সে বিষয়ে একটি নির্দেশনা জারী করার জন্য বিএমডিসি-কে অনুরোধ করার সিদ্ধান্ত হয়।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ